



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন জনসংযোগ শাখা প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম-১৩ এপ্রিল ২০১৮ খ্রি.

## ১৪২৫ বঙ্গাব্দের শুভ আগমনে সিটি মেয়রের বাণী

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন ১৪২৫ বঙ্গাব্দের শুভ আগমনে এক বাণী দিয়েছেন। বাণীতে সিটি মেয়র বলেন, বাঙালির একটি মাত্র উৎসবের দিন শুভ নববর্ষ। এ দিনে মনের মাধুরী দিয়ে নিজেদের রাঙিয়ে নেন বাঙালি, প্রতিটি ঘর হয় আনন্দ উৎসবের। চিরায়িত ইতিহাস, ঐতিহ্য, কৃষ্টি ও সংস্কৃতির আদলে এ দিনটিকে উৎসবে আনন্দে উপভোগ করা হয়। সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বাংলা নববর্ষে সকলকে শুভেচ্ছা জানিয়ে প্রত্যেকের জীবনের সুখ, শান্তি ও সমৃদ্ধি কামনা করেন। তিনি আশা করেন, অন্যায় ও অসুন্দর পথ পরিহার করে সত্য ও সুন্দরের জন্য সকলেই নিবেদিত হবে। মেয়র আরো আশা করেন, রাজনৈতিক হিংসা-বিদ্বেষ, হানা-হানি, সংঘাত, জঙ্গী ও সন্ত্রাসী কার্যক্রম থেকে দূরে থেকে দেশপ্রেমকে শানিত করে সকলে মিলেমিশে দেশে চলমান উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সচেষ্ট হবেন।

**সংবাদদাতা**

**মো. আবদুর রহিম**

**জনসংযোগ কর্মকর্তা**

**চট্টগ্রাম সিটি কর্পোরেশন**